17 MAY 2003

দৈনিক ইনকিলাব

# আসন্ন ২০০৩ সনের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের ব্যাপারে সমাজের সর্বস্তরের জনগণের প্রতি কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের আহবান

**সকল সচেতন নাগরিকের প্রতি ঃ**

- ❑ পাবলিক পরীক্ষায় নকল প্রতিরোধে দলমত নির্বিশেষে এগিয়ে আসুন।
- ❑ নকলের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলুন।

**কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের প্রতি ঃ**

- ❑ কেন্দ্র থাকতে হলে নকল থাকতে পারবে না।
- ❑ নকল থাকলে কেন্দ্র থাকবে না।
- ❑ কেন্দ্র এবং নকল এক সাথে থাকতে পারবে না।

**পরীক্ষার্থীদের প্রতি ঃ**

- ❑ নকল করে বহিষ্কৃত হলে শিক্ষা জীবনের মূল্যবান সময় নষ্ট হয়, এর ফলে ছাত্র-ছাত্রীর লেখাপড়া চিরতরে বন্ধ হয়ে যেতে পারে। শিক্ষা জীবন ধ্বংস হওয়ার ফলে কর্মজীবন হতাশা ও ব্যর্থতায় পর্যবেশিত হতে পারে।
- ❑ পরীক্ষায় নকলকারী সমাজে ঘৃণ্য ব্যক্তি হিসেবে চিহ্নিত হয়।
- ❑ নকল করে পরীক্ষা পাসের দুর্বলতা আজীবন বয়ে বেড়াতে হয় এবং এ জন্য কর্মজীবনে পদে পদে লজ্জিত ও বিব্রত হতে হয়।
- ❑ ভুয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে ছাত্র-ছাত্রী কারাদণ্ড বা অর্থদণ্ড কিংবা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হতে পারে। এর ফলে পরবর্তীকালে চাকুরী ও ব্যবসা-বাণিজ্যসহ সমাজের প্রতিটি স্তরে ভয়ঙ্কর প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হবে।

**শিক্ষকদের প্রতি ঃ**

- ❑ পর্যবেক্ষক হিসেবে নকলে সহায়তা প্রদান করলে–
  - ক. বহিষ্কৃত হতে পারেন;
  - খ. বেতন-ভাতাদি বন্ধ হতে পারে;
  - গ. চাকুরীচ্যুত হতে পারেন।
- ❑ এর ফলে নিজের ও পরিবারের সামাজিক মর্যাদা ক্ষুণ্ন হওয়াসহ আর্থিক অনটন সৃষ্টি হতে পারে। ফলে কর্মজীবন ব্যর্থতায় পর্যবেশিত হবে।
- ❑ শিক্ষক হিসেবে নকলে সহায়তা করে অভিযুক্ত হওয়া সমগ্র শিক্ষক সমাজের জন্য কলঙ্কস্বরূপ। নিজের অপকর্মের দায় যাতে শিক্ষক সমাজের উপর না বর্তায় সে বিষয়ে সচেতন থাকুন।
- ❑ শিক্ষকতার ন্যায় একটি মহান পেশা কোনভাবেই যেন কলঙ্কিত না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখা সকল শিক্ষক সমাজের মহান দায়িত্ব।

**নকলে সহায়তা প্রদানকারীর প্রতি ঃ**

- ❑ পরীক্ষার হলে নকল সরবরাহ করলে বা নকলে সহায়তা প্রদান করলে কারাদণ্ড বা অর্থদণ্ড কিংবা উভয়বিধ দণ্ড হতে পারে।
- ❑ পরীক্ষার প্রশ্নপত্র সম্বলিত কোন কাগজপত্র অথবা পরীক্ষার জন্য প্রণীত হয়েছে বলে মিথ্যা ধারণাদায়ক কোন কাগজ যে কোন উপায়ে ফাঁস, প্রকাশ বা বিতরণ করা হলে কারাদণ্ড বা অর্থদণ্ড কিংবা উভয়বিধ দণ্ড হতে পারে।

নিবেদিত প্রাণ শিক্ষক, কোমলমতি শিক্ষার্থী, সচেতন অভিভাবক ও সুশীল সমাজের প্রতি আহ্বান– আসুন, আমরা সবাই মিলে গুণগত মানসম্পন্ন ও কাঙ্ক্ষিত শিক্ষা ব্যবস্থা জাতিকে উপহার দেই।

**প্রফেসর ড. মো. সফিউল্লাহ**
চেয়ারম্যান
**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।**

পি-১২৬২/০৩